

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে সংঘর্ষ, জগন্নাথের ৭ জন আহত

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: সোমবার, ১৫ জুলাই ২০২৪



কোটা সংস্কার আন্দোলনকারীদের সঙ্গে ছাত্রলীগের দফায় দফায় ধাওয়া-পাল্টা ধাওয়া, সংঘর্ষের ঘটনায় জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ৭ শিক্ষার্থী আহত হয়েছেন।

আজ সোমবার ঢাকা মেডিকেল কলেজের জরুরি বিভাগে ঘুরে এ তথ্য জানা যায়।

জানা যায়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইসলামিক স্টাডিজ বিভাগের ১৮ ব্যাচের সিয়াম, দর্শন বিভাগের একই ব্যাচের পারতেজ, গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ১৬ ও ১৭ ব্যাচের ইভান এবং বাঞ্ছি, আইন বিভাগের মারুফ, সুমন, নাইম আহত হয়ে প্রাথমিক চিকিৎসা গ্রহণ করেছে।





আহত হওয়া কোটা সংস্কার আন্দোলনে জবিতে নেতৃত্ব দেয়া ইভান তাওসিফ বলেন, আমরা জগন্নাথের সবাই ঢাকা বিশ্ববিদ্যালয়ের মল চত্বরে ছাত্রলীগের হামলায় আহত হয়েছি। ঢাকা মেডিকেল প্রাথমিক চিকিৎসা নিয়েছি।

মেয়ে শিক্ষার্থীদের বিষয়ে জগন্নাথের ছাত্রী হলের প্রভোস্ট দীপিকা রাণী সরকার বলেন, এখনও মেয়েদের অনুপস্থিতির কোনো খবর পাইনি। আমরা খোঁজ নিয়ে দেখছি কেও মিসিং আছে কিনা।